

## পরিচয়

▣ স্বপন ধর

অস্তিত্বের নিরিখে লড়াই করছে এ-শহর,  
শূন্যতার পরিমাপে ভেঙ্গে যাচ্ছে তাসের ঘর,  
সেকেন্ডের কাঁটায় আটকে গেছে মদমত্ত সময়,  
শুধুই কি মরীচিকা ? নাকি অন্য কোনো বিষয় ।

ছাইপাশের ভীড়ে শুকিয়ে গেছে চোখের জল,  
নাকি ডিজিটাল হয়েছে সময়ের আস্তাবল,  
আলসে রোদে ঝাপসে গেছে পরিচিত মুখ,  
এটাই কী স্মার্টন্যাসের পরিচয় ? এটাই বোধহয় সুখ ।

হাতের রেখার লাগাম টানছে ভবিষ্যতের আস্তানা,  
শরীরটাও বইয়ের পাতায় লুকোনো আর থাকছে না,  
ফেসবুকের গায়ে হোক কিংবা হোয়াটঅ্যাপের ভীড়ে,  
এটাই কী মানচিত্র ? নাকি পরিচয়ও নিচ্ছে কেড়ে ।